

SATISH CHANDRA MEMORIAL SCHOOL

CASE STUDY TEST (2026-27)

CLASS- 3

SUBJECT - BENGALI

Time- 40 Min

Full Marks -14

১/ক) নীচের অনুচ্ছেদটি ভালো করে পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো । (কেস স্টাডি) (১×৭)=৭

একটি ছোট গ্রামে রাহুল নামে একটি ছেলে থাকত। সে খুবই পরিশ্রমী ও সৎ ছিল। প্রতিদিন ভোরে উঠে সে বাবা-মাকে কাজে সাহায্য করত, তারপর নিয়মিত স্কুলে যেত। একদিন স্কুলে যাওয়ার পথে রাহুল রাস্তার ধারে একটি টাকার থলে দেখতে পেল। থলেটির মধ্যে অনেক টাকা ছিল। সে টাকা নিজের কাছে না রেখে গ্রামের প্রধানের কাছে জমা দিল। কিছুক্ষণ পরে এক বৃদ্ধ এসে জানালেন যে তাঁর টাকার থলেটি হারিয়ে গেছে। সব কথা শুনে গ্রামের প্রধান থলেটি বৃদ্ধের হাতে তুলে দিলেন। বৃদ্ধ রাহুলের সততায় খুব খুশি হলেন এবং তাকে আশীর্বাদ করলেন। গ্রামের সবাই রাহুলের প্রশংসা করল। সেই দিন থেকে সবাই বুঝতে পারল যে সততা মানুষের সবচেয়ে বড় গুণ।

ক) টাকার থলিটি কার ছিল?

i) রাহুলের ii) প্রধানের iii) বৃদ্ধের iv) শিশুর

খ) মন্তব্য : গ্রামের সবাই রাহুলের প্রশংসা করতে লাগল।

কারণ : রাহুল টাকার থলিতে না নিয়ে প্রধানের কাছে জমা দিয়েছিল।

i) মন্তব্য ঠিক,কারণ ঠিক ii) মন্তব্য ভুল,কারণ ঠিক iii) মন্তব্য ঠিক, কারণ ভুল iv) মন্তব্য ভুল, কারণ ভুল।

গ) বৃদ্ধ রাহুলের কোন গুণ দেখে খুশি হয়েছিলেন?

i) হিংসা ii) সততা iii) দুষ্টিমি iv) প্রতারণা

ঘ) রিমা রাস্তায় একটা সোনার আংটি পড়ে আছে দেখে সেটা নিয়ে গ্রামের প্রধানের কাছে জমা দেয় এবং যার আংটি তাকে ফেরত দিতে বলে, এই ঘটনার মাধ্যমে রিমার কোন গুণের প্রকাশ ঘটেছে?

i) সৎ ii) অসৎ iii) চালাকি iv) বোকামি

ঙ) মন্তব্য : গ্রামের প্রধান টাকার থলিটি বৃদ্ধের হাতে তুলে দিয়েছিলেন।

কারণ : বৃদ্ধ এসে বলেন তার ফুলের থলিটি হারিয়ে গেছে

i) মন্তব্য ঠিক,কারণ ঠিক ii) মন্তব্য ভুল,কারণ ঠিক iii) মন্তব্য ঠিক, কারণ ভুল iv) মন্তব্য ভুল, কারণ ভুল।

চ) গ্রামের সবাই রাস্তার প্রশংসা করল --- বাক্যটিতে কোন শব্দটি নিন্দা শব্দের বিপরীত অর্থ বোঝায়?

i) প্রশংসা ii) গ্রাম iii) সততা iv) সবাই

ছ) রাস্তার ধারে একটি টাকার থলি দেখতে পেল --- এই বাক্যটিতে কোন শব্দটি কে ভাঙলে থ্ + অ+ ল্ + ই এই বর্ণগুলি পাওয়া যাবে?

i) রাস্তা ii) টাকা iii) থলি iv) ধারে

খ) নীচের অনুচ্ছেদটি ভালো করে পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো। (কেস স্টাডি) (১×৭)=৭

আমাদের দেশের প্রকৃতিতে নানা রকম পাখি দেখা যায়। পাখির ডাক, রং ও সৌন্দর্য প্রকৃতিতে আরও মনোরম করে তোলে। এমনি একটি পাখি হলো দোয়েল। দোয়েল ছোট আকারের একটি সুন্দর পাখি। এর শরীরের রং কালো ও সাদা। দোয়েলের মিষ্টি ডাক সকলের মন আনন্দে ভরিয়ে দেয়। দোয়েল সাধারণত গাছের ডালে, ঝোপঝাড় ও বাড়ির আশেপাশে থাকতে পছন্দ করে। এটি ছোট ছোট পোকামাকড় খেয়ে জীবনধারণ করে। দোয়েল খুব চঞ্চল ও সুন্দরভাবে লাফিয়ে বেড়ায়। ভোরবেলায় তার মধুর ডাক শোনা যায়। বর্তমানে গাছ কাটা, পরিবেশ দূষণ এবং পাখি শিকার করার ফলে পাখির সংখ্যা কমে যাচ্ছে। তাই আমাদের উচিত পাখিদের রক্ষা করা, গাছ লাগানো এবং পরিবেশ পরিষ্কার রাখা। প্রকৃতি ও পাখিদের ভালোবাসলে আমাদের পৃথিবী আরও সুন্দর হয়ে উঠবে।

ক) দোয়েল পাখির ডাক খুব মিষ্টি হয় --- বাক্যটিতে কয়টি শব্দ আছে ?

i) ৩টি ii) ৫টি iii) ৬টি iv) ৪ টি

খ) দোয়েল পাখির গায়ের রং কেমন?

i) সাদা ও কালো ii) লাল ও সবুজ iii) হলুদ ও কালো iv) কালো ও সবুজ

গ) মন্তব্য : বর্তমানে পাখির সংখ্যা কমে যাচ্ছে।

কারণ : পরিবেশ দূষণ ও পাখি শিকার বেড়ে গেছে।

i) মন্তব্য ঠিক, কারণ ঠিক ii) মন্তব্য ভুল, কারণ ঠিক iii) মন্তব্য ঠিক, কারণ ভুল iv) মন্তব্য ভুল, কারণ ভুল।

ঘ) যারা পশু পাখি শিকার করে তাদের কী বলে?

i) পুলিশ ii) শিকারি iii) কুমোর iv) ছুতোর

ঙ) পাখির ডাকে আমাদের ঘুম ভাঙে --- বাক্যে 'পাখি' শব্দের বহুবচনের রূপ কোনটি?

i) পাখিদের ii) পাখিবর্গের iii) পাখিগণের iv) পাখি সমষ্টির

চ) মন্তব্য : ভোরবেলা দোয়েল পাখির ডাকে মন ভরে যায়।

কারণ : দোয়েলের ডাক খুব কর্কশ।

i) মন্তব্য ঠিক, কারণ ঠিক ii) মন্তব্য ভুল, কারণ ঠিক iii) মন্তব্য ঠিক, কারণ ভুল iv) মন্তব্য ভুল, কারণ ভুল।

ছ) দোয়েল পাখি কী খেয়ে জীবনধারণ করে? i) জল ii) ফল iii) পোকামাকড় iv) রুট

